

আতসবাজি
সুস্মিতা নন্দী

আমাদের ছোটবেলায় মনে আছে একটি লোক
আতস শাড়ীর বোঁচকা মাথায় নিয়ে।
ওকে দেখলেই মা বলতেন- এসো, এসো।
ও সবুজ রঙের শাড়ী মেলে ধরত। মনে হত
বটগাছের ডালপালা সমেত সবুজপাতা আদিগন্ত
ছড়িয়ে পড়েছে। কাঁচা হলুদপানা খড়কে ডুরে যেন
রাধারাগি অভিসার। নীলাম্বরী জলচুড়ি
শুনশান আকাশ। ওর মুখে একটাই কথা
টাকু-মাকু। একথা শুনে আমরা ভাইবোনেরা
ঘন হয়ে বসতাম। ও চলে যাবার পরও
আতসবাজির মত ফুলকি ছড়িয়ে দিতে অনেকক্ষণ-
টাকু-মাকু। মা-ও সেই কবেই গেছে - সে-ও আর
আসে না। তবুও মধ্যরাতে জেগে যাই - ভিতর বাহিরে
অতীত খুঁড়ে বেড়িয়ে আসে টাকু-মাকু, টাকু-মাকু।